

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্রধান কার্যালয়ঃ নলকা, সিরাজগঞ্জ।

সূত্র নং- ২৮.১৮.০০০০.০৩৩.১১.০০১.১৯/৬২০৭

তারিখ- ১২/০৩/২০১৯

সহকারী প্রকৌশলী (কম্পিউটার) পদে
নিয়োগের লক্ষ্যে মৌখিক পরীক্ষা গ্রহণের সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড-এ সহকারী প্রকৌশলী (কম্পিউটার) পদে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং ২৮.১৮.০০০০.০৩৩.১১.০০১.১৮/৩২৪৭, তারিখ: ১৮/০৯/২০১৮ এর বিপরীতে ০১/০২/২০১৯ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় উত্তীর্ণের প্রেক্ষিতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণযোগ্য মোট ২০(বিশ) জন প্রার্থীর মৌখিক পরীক্ষা নিম্নরূপ তারিখ ও সময়সূচি অনুযায়ী গ্রহণ করা হবে:


রোল নম্বর	তারিখ ও সময়	পরীক্ষার স্থান
১১০০৩৩, ১১০০৪১, ১১০০৪২, ১১০০৪৬, ১১০১০৬, ১১০১২৪, ১১০১৬৭, ১১০১৭৭, ১১০১৯১, ১১০১৯৯, ১১০২১৪, ১১০২২০ (মোট ১২ জন)	২৩/০৩/২০১৯ সকাল ১০:০০ ঘটিকা হতে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত	ঢাকা লিয়াজোঁ অফিস পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড লেভেল-১৩, পেট্রোসেন্টার ৩, কাওরান বাজার বা/এ ঢাকা-১২১৫
১১০২৫০, ১১০২৯৪, ১১০৩২০, ১১০৩৬৫, ১১০৩৯৯, ১১০৪৩০, ১১০৪৩৩, ১১০৪৩৪ (মোট ০৮ জন)	২৩/০৩/২০১৯ বেলা ২:০০ ঘটিকা হতে বেলা ৫.০০ ঘটিকা পর্যন্ত	

মৌখিক পরীক্ষার জন্য পৃথকভাবে কোন ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না; তবে মৌখিক পরীক্ষার সময় ইতঃপূর্বে অনুষ্ঠিত লিখিত পরীক্ষার প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। প্রার্থীদের অবশ্যই পরীক্ষা শুরুর ১ ঘন্টা পূর্বে পরীক্ষাস্থলে উপস্থিত থাকতে হবে। বিলম্বে রিপোর্ট করার কোনও কারণ কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হবে না।

নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাদি এবং আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নবর্ণিত কাগজপত্রসহ সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্রের মূল কপি দেখাতে হবে এবং এক সেট সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে সাজিয়ে মৌখিক পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে মহাব্যবস্থাপক (প্রশাসন), পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড, নলকা, সিরাজগঞ্জ- বরাবর লিখিত আবেদনের মাধ্যমে পরীক্ষা বোর্ডে জমা প্রদান করতে হবে :

- সদ্য তোলা ০৩ (তিন) কপি রস্টিন পাসপোর্ট সাইজ ছবি, অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের Applicant Copy ও লিখিত পরীক্ষার Admit Card এর কপি;
- শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্রসমূহ, মার্কশিট/ Transcript; 'O' Level এবং 'A' Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate); বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রিপ্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এর সত্যায়িত ফটোকপি (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ);
- যে সকল সনদপত্র, মার্কশিট/ট্রান্সক্রিপ্ট এ পরীক্ষার ফল প্রকাশের তারিখ উল্লেখ নেই সে সকল পরীক্ষার ফল প্রকাশের তারিখ উল্লেখসহ পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার এর কার্যালয় হতে ইস্যুকৃত সনদপত্র;
- জাতীয় পরিচয়পত্র/স্মার্টকার্ড এর সত্যায়িত ফটোকপি;
- আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার (বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানার) সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদ;
- চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃক প্রদত্ত ছাড়পত্র।

নির্ধারিত সময়ের পর পরীক্ষা স্থলে উপস্থিত হলে অথবা বর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শনে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।


মহাব্যবস্থাপক(প্রশাসন)